APA - 2016

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

১২৭

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........... ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .......................................................................... ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ................................ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........................ ২১

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক অর্জন:** সাম্প্রতিক সময়ে জিডিপি'র শতাংশে সরকারি ব্যয় বিশেষ করে বিনিয়োগ ব্যয় বৃদ্ধি পাওয়া সত্ত্বেও বাজেট ঘাটতি জিডিপি'র ৫ শতাংশের মধ্যে সীমিত ছিল। যার ফলে সরকারি ঋণ ধারণক্ষমতা সহনীয় মাত্রার মধ্যে সীমিত থাকার পাশাপাশি সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা সম্ভব হয়েছে। বাজেটের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো নিয়মিত হালনাগাদকরণসহ বাজেট সংশ্লিষ্ট বিভিন্ন ধরণের প্রতিবেদন নিয়মিত প্রকাশ করা হয়েছে। সম্পদের ব্যবহারকে কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের সঙ্গে সঙ্গতিপূর্ণ করতে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়ন করা হচ্ছে। কৃষি মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং অন্যান্য বৃহৎ মন্ত্রণালয়গুলোতে মধ্যমেয়াদি কৌশল ও কর্মপরিকল্পনা প্রবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারি বাজেট ও হিসাব ব্যবস্থাপনা পদ্ধতির মানোন্নয়নের লক্ষ্যে নতুন বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রস্তুত করা হয়েছে। iBAS ব্যবস্থাকে যুগোপযোগী করার লক্ষ্যে iBAS++ প্রণয়ন ও স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারি ঋণের ব্যয় ও ঝুঁকির মিশ্রণ সর্বনিম্ন রাখতে মধ্যমেয়াদি ঋণকৌশল প্রণয়ন করা হয়েছে। পাশাপাশি, নগদ প্রবাহের প্রক্ষেপণ মডেল প্রস্তুত করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জ:** সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের প্রক্ষেপণ প্রক্রিয়ার উন্নতিসাধন, নগদ ব্যবস্থাপনাসহ সার্বিক ঋণ ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়ন, আর্থ-ব্যবস্থাপনার উন্নয়ন ও ব্যয় নিয়ন্ত্রণ, আর্থ-ব্যবস্থাপনায় কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:** দক্ষ আর্থিক নীতি প্রণয়ন ও ব্যবস্থাপনা, সরকারি বাজেট ও হিসাবের নতুন শ্রেণিবিন্যাস কাঠামোর বাস্তবায়ন, iBAS-WAN ব্যবস্থার আধুনিকায়ন ও সম্প্রসারণ, বেতন-ভাতা, পেনশন, ভবিষ্য তহবিল সম্পর্কিত হিসাব সংরক্ষণ পদ্ধতি ও সেবার মান উন্নয়নের পরিকল্পনা রয়েছে।

### ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা;
- বাজেট ঘাটতি ৫ শতাংশের মধ্যে সীমিত রেখে সরকারি ঋণ ধারণক্ষমতা সহনীয় পর্যায়ে রাখা;
- টেকসই ঋণ ধারণক্ষমতার বিশ্লেষণ (DSA), মধ্যমেয়াদি ঋণ কৌশল (MTDS) ও নগদ পূর্বাভাস মডেল হালনাগাদকরণ;
- বার্ষিক ঋণ প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ;
- বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য আধুনিক ও উন্নততর সফটওয়্যার (iBAS++) সংযোজন কাজের ৫০ শতাংশ সম্পন্ন করা;
- সরকারি বাজেট ও হিসাবের শ্রেণিবিন্যাস কাঠামো চূড়ান্তকরণের কাজের ৫৫ শতাংশ সম্পন্ন করা
- পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়নের চলমান কাজের প্রায় ৬০ শতাংশ সম্পন্ন করা এবং
- ফান্ডেড পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের নিয়ে কর্মশালা অনুষ্ঠানসহ প্রাথমিক ধারণপত্র প্রণয়ন করা।

# উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ........................ সালের ........................ মাসের ........................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

1294

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

দূরদর্শী ও টেকসই সরকারি আর্থ-ব্যবস্থাপনা

**১.২ অভিলক্ষ্য (Mission)**

বিচক্ষণ আর্থিক নীতি প্রণয়ন ও সুষ্ঠু আর্থ-ব্যবস্থাপনার মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা ও সরকারের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণ

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. স্থিতিশীল আর্থ-ব্যবস্থাপনা ও সম্পদ বণ্টনে দক্ষতার উন্নয়ন
২. সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা
৩. টেকসই ঋণ ব্যবস্থাপনা নীতি প্রণয়ন এবং এর বাস্তবায়ন
৪. পেনশন ব্যবস্থার সংস্কার ও সার্বজনীন পেনশন প্রচলন
৫. সরকারি আর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ক. সরকারের রাজস্ব নীতি প্রণয়ন ও পর্যালোচনা এবং সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা; খ. আর্থিক নীতিমালার উপর গবেষণা ও বিশ্লেষণ,এ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ এবং অর্থনৈতিক সমীক্ষা,বাজেটের অর্থনৈতিক বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়ন; গ. সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের জন্য বিনিয়োগে কারিগরি সহায়তা এবং হিসাব ও নিরীক্ষা সম্পর্কিত বিষয়াদি; ঘ. বাজেট প্রণয়ন,অর্থ উপযোজন,পুনঃউপযোজন এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও কর্পোরেশনসমূহের কার্যাবলি পরিবীক্ষণের মাধ্যমে বাজেট পরীক্ষা ও অনুমোদন; ঙ. বেতন স্কেল, বেতন নির্ধারণ, ছুটি,পেনশন, আনুতোষিক, অবসর সুবিধা, ভ্রমণ ভাতা, সাধারণ ভবিষ্য তহবিল ইত্যাদি এবং এরূপ বিষয়ে বিভিন্ন আর্থিক বিধানাবলি প্রণয়ন ও প্রয়োজনীয় আদেশ জারিকরণ; চ. বিশ্বব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন বহুপাক্ষিক এবং দ্বি-পাক্ষিক উন্নয়ন সহযোগী দাতা সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ স্থাপন এবং আইএমএফ সংক্রান্ত বিষয়াবলি; ছ. ঋণ এবং সাহায্যসহ সরকারি ঋণ ও ট্রেজারি ব্যবস্থাপনা এবং জ. নতুন পদ সৃষ্টি, প্রস্তাব যাচাই ও নতুন ব্যয়ের পরিকল্পনা পরীক্ষাকরণ এবং আর্থিক শৃঙ্খলা ও জবাবদিহি প্রতিষ্ঠা

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ও বহিঃউৎসের মধ্যে টেকসই ঋণ মিশ্রণ নিশ্চিতকরণ | ঘাটতি অর্থায়ন: অভ্যন্তরীণ উৎস | জিডিপি'র শতকরা হার | ২.৮ | ২.৭ | ৩.০ | ৩.০ | ২.৯ | অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ও বহিঃউৎসের মধ্যে টেকসই ঋণ মিশ্রণ নিশ্চিতকরণ | ঘাটতি অর্থায়ন: বৈদেশিক উৎস | জিডিপি'র শতকরা হার | ০.৭ | ০.৮ | ১.১ | ১.৭ | ১.৭ | অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| বাজেট বরাদ্দ ব্যবহারে সক্ষমতা বৃদ্ধি | বাজেট বরাদ্দ ও ব্যয়ের অনুপাত | শতকরা হার | ৮৭.০৪ | ৮৮.০০ | ৮৮.০০ | ৯২.০০ | ৯৩.০০ | পরিকল্পনা মন্ত্রণালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | বাজেট ঘাটতি | জিডিপি'র শতকরা হার | ৩.৬ | ৩.৫ | ৪.১ | ৪.৭ | ৪.৬ | অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |

*সাময়িক (provisional) তথ্য



২৭৫

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা | ২৫ | [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) | সংখ্যা | ৭.০০ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | সংখ্যা | ৫.০০ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রকাশিত | সংখ্যা | ৪.০০ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Report on Fiscal Position" | সংখ্যা | ৩.০০ | ১২ | ১০ | ১২ | ১০ | ৮ | ৬ | ৪ | ১২ | ১২ |
| | | | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Macro-Fiscal Update" | সংখ্যা | ৩.০০ | ১২ | ১০ | ১২ | ১০ | ৮ | ৬ | ৪ | ১২ | ১২ |
| | | [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে নীতি সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | সংখ্যা | ৩.০০ | ৮ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | | ৫ | ৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [২] স্থিতিশীল আর্থ-ব্যবস্থাপনা ও সম্পদ বণ্টনে দক্ষতার উন্নয়ন | ২৫ | [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপির শতকরা হারে | শতকরা হার | ৪.০০ | ১৪ | ১৪ | ১৪.৫ | ১৪.৩ | ১৪.২ | ১৪.১ | ১৪ | ১৭.৪ | ১৭.৬ |
| | | [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হারে | শতকরা হার | ৩.০০ | ৩.৬ | ৩.৫ | ৪ | ৪.১ | ৪.২ | ৪.৩ | ৪.৪ | ৪.৭ | ৪.৬ |
| | | [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্রে বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্যে ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | শতকরা হার | ৩.০০ | ৮৯.৬ | ৮৯ | ৯০ | ৮৮ | ৮৬ | ৮৪ | ৮২ | ৯১ | ৯২ |
| | | | [২.৩.২] বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | শতকরা হার | ৩.০০ | ৮৭.০৪ | ৮৮ | ৯০ | ৮৮ | ৮৬ | ৮৪ | ৮২ | ৯২ | ৯৩ |
| | | [২.৪] প্রাপ্ত সম্পদ অগ্রাধিকার খাতে ব্যবহারের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান | [২.৪.১] বাজেট সীমা নির্ধারণ কমিটির অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৩.০০ | ৪ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৪ | ৪ |
| | | | [২.৪.২] বাজেট পরিবীক্ষণ ও সম্পদ ব্যবস্থাপনা কমিটির অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৩.০০ | ৪ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৪ | ৪ |
| | | [২.৫] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ গ্রহণ | [২.৫.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | সংখ্যা | ৩.০০ | ১০ | ৯ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১২ |
| | | [২.৬] বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে প্রাক-বাজেট সভা অনুষ্ঠান | [২.৬.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | সংখ্যা | ৩.০০ | ৫০ | ৪০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৫০ | ৫০ |





৫৭৬

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [৩] টেকসই ঋণ ব্যবস্থাপনা নীতি প্রণয়ন এবং এর বাস্তবায়ন | ২০ | [৩.১] ঋণ ব্যবস্থাপনা নীতি ও কৌশল সংক্রান্ত ডকুমেন্ট প্রণয়ন ও হালনাগাদকরণ | [৩.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি ঋণ কৌশল প্রতিবেদন প্রকাশ | তারিখ | ২.০০ | | | ৩১-১০-২০১৫ | ৩০-১১-২০১৫ | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৯-০২-২০১৬ | ৩১-১০-২০১৬ | ৩১-১০-২০১৭ |
| | | | [৩.১.২] হালনাগাদকৃত টেকসই ঋণ বিশ্লেষণ প্রতিবেদন (DSA) প্রকাশ | তারিখ | ১.৫০ | | | ৩১-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | ৩১-১২-২০১৫ | ৩১-১০-২০১৬ | ৩১-১০-২০১৭ |
| | | [৩.২] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.২.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটির (CDMC) অনুষ্ঠিত ত্রৈমাসিক সভা | সংখ্যা | ৩.০০ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | | [৩.২.২] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত মাসিক সভা | সংখ্যা | ৩.০০ | ১১ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [৩.৩] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.৩.১] প্রকাশিত ট্রেজারি বিলের মাসিক নিলাম পঞ্জিকা | সংখ্যা | ১.০০ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | | [৩.৩.২] প্রকাশিত ট্রেজারি বন্ডের ষান্মাসিক নিলাম পঞ্জিকা | সংখ্যা | ১.০০ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [৩.৪] DMFAS v6.0-এ ঋণ ডাটা সংরক্ষণ এবং প্রকাশ | [৩.৪.১] হালনাগাকৃত ঋণ দায়ের স্থিতি | শতকরা হার | ৩.০০ | ৫৫ | ৬৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৮০ | ৮৫ |
| | | | [৩.৪.২] প্রকাশিত বার্ষিক ঋণ প্রতিবেদন | তারিখ | ১.৫০ | | | ৩১-১০-২০১৫ | ৩০-১১-২০১৫ | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৯-০২-২০১৬ | ৩১-১০-২০১৬ | ৩১-১০-২০১৭ |
| | | [৩.৫] সরকারি নগদ ব্যবস্থাপনার পূর্বাভাস মডেল হালনাগাদকরণ | [৩.৫.১] হালনাগাদকৃত নগদ পূর্বাভাস মডেল | সংখ্যা | ১.০০ | | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [৩.৬] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে এ সংক্রান্ত দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৬.১] প্রকাশিত তথ্য | সংখ্যা | ৩.০০ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |





292

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [৪] পেনশন ব্যবস্থার সংস্কার ও সার্বজনীন পেনশন প্রচলন | ৮ | [৪.১] নতুন পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়ন | [৪.১.১] সম্পন্ন ডাটা এন্ট্রি কাজ | শতকরা হার | ২.০০ | ১০ | ৪৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪৫ | ৮০ | ১০০ |
| | | [৪.২] ফান্ডেড পেনশন ও সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালুর প্রাথমিক কার্যক্রম পরিচালনা | [৪.২.১] গুরুত্বপূর্ন স্টেকহোল্ডারদের নিয়ে অনুষ্ঠিত কর্মশালা | সংখ্যা | ২.০০ | | | ৩ | ২ | ১ | | | | |
| | | | [৪.২.২] ফান্ডেড পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে প্রাথমিক ধারণাপত্র প্রণীত | তারিখ | ২.০০ | | | ০১-০৫-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩১-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [৪.৩] পেনশন ব্যম্স্থার দক্ষতা ও গতিশীলতা বৃদ্ধির জন্য এ সংক্রান্ত নীতিমালা হালনাগাদ করা | [৪.৩.১] জারিকৃত নতুন নীতিমালা | তারিখ | ২.০০ | | | ০১-০৫-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩১-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| [৫]সরকারিআর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ | ৭ | [৫.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) সংযোজন | [৫.১.১] সম্পাদিত কাজ | শতকরা হার | ৩.০০ | | ৩০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৮০ | ১০০ |
| | | [৫.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রণয়ন | [৫.২.১] সম্পাদিত কাজ | শতকরা হার | ২.০০ | ১০ | ৪৫ | ৫৫ | ৫০ | | | | ৮০ | ১০০ |
| | | [৫.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৫.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ২.০০ | | ২০০ | ৩০০ | ২৮০ | ২৬০ | ২৪০ | ২২০ | ৩০০ | ৩০০ |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [১] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণযন | [১.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৯-২০১৫ | ০৭-১০-২০১৫ | ১৪-১০-২০১৫ | ২১-০৭-২০১৫ | ২৮-০৭-২০১৫ | | |
| | | | [১.১.২] মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [১.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [১.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [১.৩.১] মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থাসমূহে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [১.৩.২] মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থাসমূহে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০৯-২০১৫ | ০৭-১০-২০১৫ | ১৪-১০-২০১৫ | ২১-১০-২০১৫ | ২৮-১০-২০১৫ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | [২.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [২.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [২.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [২.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [২.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৯-২০১৫ | ০৭-১০-২০১৫ | ১৪-১০-২০১৫ | ২১-১০-২০১৫ | ২৮-১০-২০১৫ | | |

২৭০

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [৩] প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রম বাস্তবায়িত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নীতিমালা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৯-২০১৫ | ১৫-১০-২০১৫ | ৩০-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ৩০-০৯-২০১৫ | ১৫-১০-২০১৫ | ৩০-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ০১-০৯-২০১৫ | ১৫-০৯-২০১৫ | ০১-১০-২০১৫ | ১৫-১০-২০১৫ | ০১-১১-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

১৫৭

১২৫৮

আমি, সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিব-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে অর্থ মন্ত্রণালয়-এর সিনিয়র সচিব-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সিনিয়র সচিব
অর্থ মন্ত্রণালয়

তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এমটিএমএফ (MTMF) | মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macro Economic Framework) |
| ২ | DMFAS v6.0 | Debt Management and Financial Analysis System, version 6.0 |
| ৩ | জিডিপি (GDP) | জাতীয় অভ্যন্তরীণ উৎপাদ (Gross Domestic Product) |
| ৪ | iBAS++ | Integrated Budget and Accounting System, Version ++ |
| ৫ | DSA | Debt Sustainability Analysis |
| ৬ | MTDS | Medium Term Debt Management Strategy |
| ৭ | এনবিআর | জাতীয় রাজস্ব বোর্ড (National Board of Revenue) |
| ৮ | এনটিআর | নন ট্যাক্স রেভিনিউ (Non Tax Revenue) |
| ৯ | সিজিএ | কন্ট্রোলার জেনারেল অব একাউন্টস |
| ১০ | সিডিএমসি (CDMC) | নগদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটি (Cash & Debt Management Committee ) |
| ১১ | সিডিএমটিসি (CDMTC) | নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটি (Cash & Debt Management Technical Committee) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) | মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, এনবিআর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় ও কার্যক্রম বিভাগের প্রতিনিধিত্বে উচ্চ পর্যায়ের কমিটি (কো-অর্ডিনেশন কাউন্সিল) কর্তৃক হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) অনুমোদিত হয়। এমটিএমএফে অর্থনীতির চারটি খাত (প্রকৃত, রাজস্ব, মুদ্রা ও বহিঃ) সম্পর্কিত সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের প্রক্ষেপন সন্নিবেশিত থাকে। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন এবং মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি-বিবৃতি | |

২৫৫

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | "সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯"-এর ১১ ধারা অনুযায়ী মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি জাতীয় সংসদে উপস্থাপন করা হয়, যাতে অন্তর্নিহিত অনুমানসমূহের বিশ্লেষণসহ অর্থনীতির প্রবৃদ্ধি সম্ভাবনার পর্যালোচনা, অর্থনৈতিক সূচকসমূহের মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা, রাজস্ব আয়, ব্যয়, বাজেট ঘাটতি অর্থায়ন, ঋণ সংগ্রহ কৌশলের মূল্যায়ণ, ঋণ গ্রহণের লক্ষ্যমাত্রা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকে। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | নীতি বিবৃতিটির মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা | প্রতি বছর বার্ষিক বাজেট ডকুমেন্টস-এর সাথে জাতীয় সংসদে উপস্থাপন করা হয় |
| [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রকাশিত | "সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯" অনুযায়ী বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন জাতীয় সংসদে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপন করা হয়। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | প্রতিবেদনটির মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা | |
| | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Report on Fiscal Position" | প্রতিবেদনে রাজস্ব পরিস্থিতির হালনাগাদ অবস্থা তুলে ধরা হয়, যা অর্থ বিভাগের ওয়েবসাইটে মাসিক ভিত্তিতে প্রকাশ করা হয়। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] | হালনাগাদ তথ্য না থাকায় মাসিক প্রতিবেদনটি নির্দিষ্ট মাসের ২ মাস পরে প্রকাশিত হয় |
| | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Macro-Fiscal Update" | প্রতিবেদনে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির হালনাগাদ অবস্থা তুলে ধরা হয়, যা অর্থ বিভাগের ওয়েবসাইটে মাসিক ভিত্তিতে প্রকাশ করা হয়। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] | হালনাগাদ তথ্য না থাকায় মাসিক প্রতিবেদনটি নির্দিষ্ট মাসের ২ মাস পরে প্রকাশিত হয় |
| [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে নীতি সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | অভ্যন্তরীণ গবেষণা কর্মকান্ডের অংশ হিসেবে অর্থ বিভাগের কর্মকর্তাগণ একাধিক পলিসি নোট, ধারণাপত্র ও গবেষণাপত্র প্রস্তুত করে থাকে, যা নীতি নির্ধারণে ভূমিকা পালন করে। উল্লেখ্য, এ পর্যন্ত প্রস্তুতকৃত বিভিন্ন পলিসি নোট ও গবেষণাপত্র সরকারের বেশ কয়েকটি মাইলফলক নীতি প্রণয়নে ভূমিকা রেখেছে। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |



১৫৮

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপির শতকরা হারে | বাজেটের আওতাধীন সরকারি ব্যয় | সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হারে | সরকারের রাজস্ব আয় ও সরকারি ব্যয়ের পার্থক্য (অনুদান ব্যতীত) | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্রে বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্যে ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | বাজেটের সংশোধিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের উন্নতি আর্থ-ব্যবস্থাপনার উন্নয়নের নির্দেশক | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| | [২.৩.২] বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | বাজেটের সংশোধিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত ব্যয় অবস্থার উন্নতি আর্থ-ব্যবস্থাপনার উন্নয়নের নির্দেশক | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.৪] প্রাপ্ত সম্পদ অগ্রাধিকার খাতে ব্যবহারের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান | [২.৪.১] বাজেট সীমা নির্ধারণ কমিটির অনুষ্ঠিত সভা | মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে গঠিত উচ্চ ক্ষমতা সম্পন্ন বাজেট সীমা নির্ধারণ কমিটি কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ ওয়ারী ব্যয়সীমা নির্ধারণ। | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৪.২] বাজেট পরিবীক্ষণ ও সম্পদ ব্যবস্থাপনা কমিটির অনুষ্ঠিত সভা | মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে গঠিত উচ্চ ক্ষমতা সম্পন্ন বাজেট পরিবীক্ষণ ও সম্পদ ব্যবস্থাপনা কমিটি (বিএমআরসি) কর্তৃক জাতীয় বাজেট পরিবীক্ষণ ও বাস্তবায়ন। | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৫] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ গ্রহণ | [২.৫.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ গ্রহণ করা হয়। এ সভাসমূহ হতে জাতীয় বাজেট প্রনয়নের নীতি-কৌশল সম্পর্কে ধারণা পাওয়া যায়। | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৬] বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে প্রাক-বাজেট সভা অনুষ্ঠান | [২.৬.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | বাজেট প্রণয়নের অংশ হিসেবে সকল মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বাজেট কাঠামো নিরূপন করা হয়। | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

৮৬৪

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.১] ঋণ ব্যবস্থাপনা নীতি ও কৌশল সংক্রান্ত ডকুমেন্ট প্রণয়ন ও হালনাগাদকরণ | [৩.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি ঋণ কৌশল প্রতিবেদন প্রকাশ | ঋণ ব্যয় ও ঝুঁকি বিবেচনায় নিয়ে মধ্যমেয়াদে সরকার কোন উৎস থেকে কি পরিমাণ ঋণ গ্রহণ করবে তার প্রক্ষেপন করার জন্য এ সূচক কার্যকর। আন্ত: সংস্থা সমন্বয়ের মাধ্যমে ২০১৪ সালে সরকারের প্রথম মধ্যমেয়াদি ঋণ কৌশল প্রণীত হয় যা নভেম্বরও ২০১৪তে অনুমোদিত ও ফেব্রুয়ারি ২০১৫ তে ওয়েবসাইটে প্রকাশিত হয়। প্রতিবছর সামগ্রিক পরিকলপনার সাথে মিল রেখে হালনাগাদ করা এবং তা প্রকাশ করার জন্য এ সূচক ব্যবহার করা হবে। | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, সঞ্চয় অধিদপ্তর, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় । | অর্থ বিভাগের ওয়েবসাইট | |
| | [৩.১.২] হালনাগাদকৃত টেকসই ঋণ বিশ্লেষণ প্রতিবেদন (DSA) প্রকাশ | এটি নতুন সূচক যার মাধ্যমে আর্ন্তজাতিক স্বীকৃত পদ্ধতিতে মধ্যমেয়াদে সরকারের ঋণ টেকসই অবস্থায় আছে কিনা এবং কোনো ঝুঁকি আছে কিনা তা পরিবীক্ষণ ও পরিমাপ করা সম্ভব। | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ। | অর্থ বিভাগের ওয়েবসাইট | |
| [৩.২] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.২.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটির (CDMC) অনুষ্ঠিত ত্রৈমাসিক সভা | সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনার সর্বোচ্চ নীতি নির্ধারণী এ কমিটিতে ঋণ সংশ্লিষ্ট সকল দফতরের প্রতিনিধিত্ব রয়েছে। নগদ ও ঋণের ব্যয় ও ঝুকি সর্বনিম্ন পর্যায়ে রেখে বাজেট ঘাটতি অর্থায়ন এবং অর্থ ব্যবস্থাপনায় টেকসই অবস্থা বজায় রাখার জন্য বিভিন্ন নিয়ামকের গতি প্রকৃতি পর্যালোচনা করে এ কমিটি নির্দেশনা প্রদান করে। অর্থ সচিবের সভাপতিত্বে কমিটি সাধারনত বৎসরে ৪টি সভায় মিলিত হয়। সভার নিয়মিত অনুষ্ঠান সরকারের নগদ ও ঋণ পরিকল্পনা বাস্তবায়নের পরিবীক্ষণ নিশ্চিত করে বিধায় সভা অনুষ্ঠান একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক। | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ,বাংলাদেশ ব্যাংক, সঞ্চয় অধিদপ্তর, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় । | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.২.২] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত মাসিক সভা | সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনা কার্যক্রমকে নিবিড়, জবাবদিহিমূলক ও নির্ভুল করার জন্য সর্বোচ্চ নীতি-নির্ধারণী কমিটিকে কারিগরি সহায়তা প্রদান, ডাটা'র গুণগত মান বজায় রাখা, পর্যালোচনা প্রতিবেদন প্রণয়ন এ কারিগরি কমিটির কাজ। ঋণ সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে নিয়মিত নিবিড় যোগাযোগ রক্ষা করার মাধ্যমে কার্যক্রম সমন্বয় করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের প্রতিনিধি নিয়ে গঠিত এ কমিটির নিয়মিত সভা সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনা কার্যক্রমকে গতিশীল ও কার্যকর রাখে বিধায় সভা অনুষ্ঠান একট গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ; অর্থনৈতিক সম্পর্ক বিভাগ;বাংলাদেশ ব্যাংক; সঞ্চয় অধিদপ্তর, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |



২৫৬

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.৩] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.৩.১] প্রকাশিত ট্রেজারি বিলের মাসিক নিলাম পঞ্জিকা | সরকার ঘোষিত পরিমাণ ঋণ অভ্যন্তরীণ বাজার থেকে সারা বৎসর বিভিন্ন মেয়াদি ট্রেজারি বিল মাধ্যমে গ্রহণের পরিকল্পনা করে। সরকারকে ঋণপ্রদানকারী জনগণ ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিকল্পনা অবগত করানোর মাধ্যমে প্রতিযোগিতা সৃষ্টি,স্বচ্ছতা নিশ্চিত করার জন্য টেজারি বিলের মাসওয়ারি নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করে। সরকারের পরিকল্পনার সাথে মিল রেখে ঋণপ্রদানকারীরা নিজেদের পরিকল্পনা করে এবং সময়মত ঋণ পাওয়া নিশ্চিত হয় বিধায় একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট | |
| | [৩.৩.২] প্রকাশিত ট্রেজারি বন্ডের ষান্মাসিক নিলাম পঞ্জিকা | সরকার ঘোষিত পরিমাণ ঋণ অভ্যন্তরীণ বাজার থেকে সারা বৎসর বিভিন্ন মেয়াদি ট্রেজারি বন্ডের মাধ্যমে গ্রহণের পরিকল্পনা করে। সরকারকে ঋণপ্রদানকারী জনগণ ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিকল্পনা অবগত করানোর মাধ্যমে প্রতিযোগিতা সৃষ্টি,স্বচ্ছতা নিশ্চিত করার জন্য ট্রেজারি বন্ডের ষান্মাসিক নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করে। সরকারের পরিকল্পনার সাথে মিল রেখে ঋণপ্রদানকারীরা নিজেদের পরিকল্পনা করে এবং সময়মত ঋণ পাওয়া নিশ্চিত হয় বিধায় একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট | |
| [৩.৪] DMFAS v6.0-এ ঋণ ডাটা সংরক্ষণ এবং প্রকাশ | [৩.৪.১] হালনাগাকৃত ঋণ দায়ের স্থিতি | প্রতি বছর বাজেট ঘাটতি অর্থায়নের জন্য ঋণ গ্রহণ করায় ঋণের স্থিতি পরিবর্তন হয় এবং সরকারের ঋণ টেকসই অবস্থানেরও পরিবর্তন হয়। এর ফলে ঝুকিরও হ্রাস বৃদ্ধি ঘটে। ঋণের টেকসই অবস্থান নির্ণয়ের জন্য ঋণ দায়ের স্থিতি নির্ণয় অপরিহার্য বিধায় স্থিতি হালনাগাদ করা একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.৪.২] প্রকাশিত বার্ষিক ঋণ প্রতিবেদন | প্রতি বছর বাজেট ঘাটতি অর্থায়নের জন্য ঋণ গ্রহণ করায় ঋণের স্থিতি পরিবর্তন হয় এবং সরকারের ঋণ টেকসই অবস্থানেরও পরিবর্তন হয়। এর ফলে ঝুঁকিরও হ্রাস বৃদ্ধি ঘটে। ঋণের টেকসই অবস্থান নির্ণয়ের জন্য ঋণ দায়ের স্থিতি নির্ণয় অপরিহার্য। স্থিতি হালনাগাদ করা হলে ঋণ ব্যয় নির্ণয়, ঝুঁকিসমূহ চিহ্নিত করা, ঋণ বৃদ্ধির ফলে আর্থ ব্যবস্থাপনা ও সামষ্টিক অর্থনীতিতে প্রভাব নির্ণয় এবং টেকসই অবস্থাপনের পরিবর্তনসহ অন্যান্য বিষয়সহ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৫] সরকারি নগদ ব্যবস্থাপনার পূর্বাভাস মডেল হালনাগাদকরণ | [৩.৫.১] হালনাগাদকৃত নগদ পূর্বাভাস মডেল | সরকারের সংযুক্ত তহবিলে নগদের স্থিতির পরিমাণের উপর ঋণ গ্রহণ পরিকল্পনা করা হলে প্রয়োজনের অতিরিক্ত ঋণ গ্রহণের আশঙ্কা কমে যায় এবং এর ফলে ঋণ দায় ও ঋণ ব্যয় পরিমিত হয়। নিয়মিত নগদের স্থিতির পরিমাণ পূর্বাভাস করার মাধ্যমে ঋণ গ্রহণ পরিকলপনা করার জন্য নগদের স্থিতির পরিমাণ পূর্বাভাস একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইট | |



242

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.৬] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে এ সংক্রান্ত দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৬.১] প্রকাশিত তথ্য | প্রচ্ছন্ন দায় ঋণের স্থিতিতে প্রদর্শিত হয় না কিন্তু সরকারের কাছ থেকে গ্যারান্টি গ্রহণকারী ঋণ পরিশোধে ব্যর্থ হলে তা পরিশোধের ভার সরকারের উপর বর্তায় বিধায় ঋণের মতো প্রচ্ছন্ন দায়েরও স্বচ্ছ ও নিয়মিত পরিবীক্ষণ জরুরি। এ জন্য প্রচ্ছন্ন দায়ের স্থিতি সম্বলিত তালিকা বার্ষিকভিত্তিতে প্রকাশ গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | বাজেট ডকুমেন্টস | |
| [৪.১] নতুন পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়ন | [৪.১.১] সম্পন্ন ডাটা এন্ট্রি কাজ | পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়নের ফলে মানব সম্পদ উন্নয়ন, আর্থিক ব্যবস্থাপনা এবং এ সংক্রান্ত বিষয়ে সঠিক পূর্বাভাস প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | সিজিএ কার্যালয় ও অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] ফান্ডেড পেনশন ও সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালুর প্রাথমিক কার্যক্রম পরিচালনা | [৪.২.১] গুরুত্বপূর্ন স্টেকহোল্ডারদের নিয়ে অনুষ্ঠিত কর্মশালা | ফান্ডেড পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে সরকারি ও বেসরকারি কাতের গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের নিয়ে কর্মশালার আয়োজন করা হবে | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.২.২] ফান্ডেড পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে প্রাথমিক ধারণাপত্র প্রণীত | ফান্ডেড পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে প্রাথমিক ধারণাপত্র প্রণয়ন করা হবে | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৩] পেনশন ব্যস্থার দক্ষতা ও গতিশীলতা বৃদ্ধির জন্য এ সংক্রান্ত নীতিমালা হালনাগাদ করা | [৪.৩.১] জারিকৃত নতুন নীতিমালা | অর্থ বিভাগ হতে ২০০৯ সালে জারীকৃত 'বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ' শীর্ষক নীতিমালাটি হালনাগাদ করে নতুন নীতিমালা প্রণয়ন করা হবে, যা পেনশন ব্যবস্থার সহজীকরণে ভূমিকা রাখবে | প্রবিধি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) সংযোজন | [৫.১.১] সম্পাদিত কাজ | iBAS এর স্থলাভিষিক্ত হতে যাওয়া বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) বাংলাদেশের আর্থিকখাত সংস্কারের একটি গুরুত্বপূর্ণ অনুসর্গ হিসেবে কাজ করবে। | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রণয়ন | [৫.২.১] সম্পাদিত কাজ | প্রস্তাবিত নতুন 'Chart of accounts and classification code' সরকারি আর্থিক ব্যবস্থাপনা সংস্কারের আরেকটি গুরুত্বপূর্ণ উপাদান, যা সরকারের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে | অর্থ বিভাগ ও সিজিএ কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৫.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে কর্মকর্তাদের capacity building এর জন্য প্রশিক্ষণ একটি চলমান প্রক্রিয়া | অর্থ বিভাগ, ইনষ্টিটিউট অফ পাবলিক ফাইন্যান্স (আইপিএফ) | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |

১২৫৭

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অন্যান্য | জাতীয় রাজস্ব বোর্ড | বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় | জনবল বৃদ্ধি, আইনগত ও প্রশাসনিক সংস্কারের প্রেক্ষিতে সক্ষমতা অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে | লক্ষ্যমাত্রার ৯০ শতাংশের অধিক রাজস্ব আদায় | লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় সম্ভব না হলে ব্যয়ের চাহিদা মেটাতে অতিরিক্ত ব্যাংক ঋণ গ্রহণ সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বিনষ্ট করতে পারে। |
| অন্যান্য | পরিকল্পনা কমিশন | বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | বাজেট বরাদ্দের পরিপূর্ণ ব্যবহার | পরিকল্পনা মন্ত্রণালয় ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনাক্রমে চাহিদা অনুযায়ী বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে | লক্ষ্যমাত্রার ৯০ শতাংশ সরকারি ব্যয় সম্পন্ন | টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য অর্জন সম্ভব নাও হতে পারে |

২৫৮